

# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

ঢাকা।

বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থ বছরের APA এবং NIS বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং শুদ্ধাচার বাস্তবায়ন পরীক্ষণ কাঠামো প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : আবু সৈয়দ মোহাম্মদ হাশিম, পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।  
বৈঠকের স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ)'র অফিস কক্ষ।  
বৈঠকের তারিখ : ১৬-০৭-২০১৬ খ্রিস্টাব্দ।  
সময় : সকাল ১০:৩০ টা।


সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ২০১৬-২০১৭ অর্থ বছরের APA ও NIS বিষয়ে কমিটির সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২০১৬-২০১৭ অর্থ বছরের APA বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন।	২০১৬-২০১৭ অর্থ বছরের APA বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখাসমূহ তাদের নিজ নিজ অংশের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করে APA ফোকাল পয়েন্টকে প্রদান করবে। ফোকাল পয়েন্ট সকল শাখা সমূহের APA বাস্তবায়ন কর্মপরিকল্পনা সমন্বয় করে আগামী ৭ কর্ম বিদসের মধ্যে টিসিবি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের APA বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।	APA সংশ্লিষ্ট শাখাসমূহ এবং ফোকাল পয়েন্ট।
২	২০১৬-২০১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরীক্ষণ কাঠামো প্রণয়ন।	টিসিবি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরীক্ষণ কাঠামো আগামী ৭ কর্ম বিদসের মধ্যে প্রণয়ন করতে হবে।	কমিটি ও ফোকাল পয়েন্ট।
৩	তথ্য বাতায়ন হালনাগাদ করা।	বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক দপ্তর সংস্থার ওয়েব সাইট মূল্যায়ন করার সিদ্ধান্তের প্রেক্ষিতে সংস্থার ওয়েব সাইট সার্বক্ষণিক হালনাগাদ রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। জনাব মোঃ হুমায়ুন কবির (উপ-উর্ধ্বতন কাযনির্বাহী (চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব) ওয়েব সাইট হালনাগাদ করা হয়েছে কিনা তা প্রতি দিন পরীক্ষা করবেন।	জনাব মোঃ হুমায়ুন কবির এবং ওয়েব সাইট হালনাগাদের কাজে নিয়োজিত জনাব মোঃ সাইফুল ইসলাম।
৪	সংস্থায় কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরণ।	অনলাইন সেবা চালুকরণের নিমিত্ত টিসিবি'র বিভিন্ন শাখার উন্মুক্ত জাতীয় /আন্তর্জাতিক দরপত্রের টেন্ডার ডকুমেন্টস সমূহ টিসিবি'র ওয়েব সাইটে প্রকাশ করবে।	সংশ্লিষ্ট শাখা সমূহ।

৫	সংস্থার কমপক্ষে ৩টি সেবা সহজীকরণ করা।	সভায় নিম্নোক্ত ৩টি সেবা সহজীকরণের সিদ্ধান্ত হয়। ক) সংস্থার বাজার দর আরো সহজবোধ্য এবং দ্রুততার সহিত নির্ভুলভাবে প্রণয়নের লক্ষ্যে বাজার দর সমন্বিত সফটওয়্যারের মাধ্যমে প্রকাশ করা। খ) E-DO (Electronic Delivery Order) চালুকরণ। গ) কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে Pay-Roll সিস্টেমে পরিশোধের করা। উল্লিখিত সেবা ৩টি সংশ্লিষ্ট শাখাসমূহ দ্রুত বাস্তবায়ন করবেন।	সংশ্লিষ্ট শাখা সমূহ।
৬	৩০ শে অক্টোবর এর মধ্যে সেবাপ্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকরণ।	টিসিবি'র যে সকল আঞ্চলিক কার্যালয় সেবা গ্রহীতা ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার নেই সেসকল কার্যালয় আগামী ৩০ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে উল্লিখিত সেবাসমূহ চালু করে প্রধান কার্যালয়কে অবহিত করবে।	সংশ্লিষ্ট শাখা এবং আঞ্চলিক কার্যালয় সমূহ।
৭	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীদের মতামত পরীক্ষণের ব্যবস্থা করা।	প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয় সেবাগ্রহীতাদের জন্য মতামত/ পরামর্শ বক্স চালু করবে। সকল আঞ্চলিক কার্যালয় সেবাগ্রহীতাদের জন্য মতামত/ পরামর্শ বক্স চালু করে প্রধান কার্যালয়কে দ্রুত অবহিত করবে।	সংশ্লিষ্ট শাখা এবং আঞ্চলিক কার্যালয় সমূহ।

সবশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)  
 পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।